রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ চৈত্র ১৪১৩ বঙ্গাব্দ/০৮ এপ্রিল ২০০৭ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৯-আইন/২০০৭।**—জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১ নং অধ্যাদেশ) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জরুরী ক্ষমতা বিধিমালা, ২০০৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ১৫ঘ এর উপ-বিধি (৫) এর "কারাদণ্ড" শব্দটির পূর্বে "সশ্রম" শব্দটি সন্নিবেশিত হইবে;

(খ) বিধি ১৮ এর উপ-বিধি (২) এর "যথারীতি" শব্দটির পরিবর্তে "এই বিধিমালার বিধানাবলী সাপেক্ষে," শব্দগুলি ও কমাটি সন্নিবেশিত হইবে;

(গ) বিধি ১৯ঝ এর পর নিম্নরূপ নতুন বিধি ১৯ঞ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"১৯ঞ। **বিধিমালার প্রয়োগ সংক্রান্ত বিশেষ বিধান।**—(১) আপাততঃ বলবৎ অন্য কোন আইন বা এই বিধিমালায় ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, বিধি ১৪ তে উল্লিখিত কোন আইনের অধীন কোন অপরাধের তদন্ত, বিচার, আপীল, জামিন ও আনুষঙ্গিক অন্যান্য বিষয়ে এই বিধিমালার বিধানাবলী প্রযোজ্য করিতে হইলে উক্ত মর্মে অপরাধের সংশ্লিষ্টতা অনুযায়ী সরকার বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট হইতে অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন অনুমোদন প্রদানের ক্ষমতা, লিখিতভাবে, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ উহার অধঃস্তন কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত অনুমোদনে "জরুরী ক্ষমতা বিধিমালা, ২০০৭ এর বিধানাবলী প্রযোজ্য হইবে" মর্মে উল্লেখ থাকিতে হইবে।

(৪) উপ-বিধি (১) ও (২) এর অধীন অনুমোদন প্রদানের ক্ষেত্রে, অনুমোদন প্রদানকারী কর্মকর্তাকে অপরাধের জনগুরুত্ব বিবেচনা করিতে হইবে।

(৫) বিধি ১৪ তে উল্লিখিত আইনের অধীন—

(ক) এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে ২০ মার্চ, ২০০৭ তারিখ পর্যন্ত, এবং

(খ) Penal Code (Act XLV of 1860) এর sections 161, 162, 163, 385, 386, 387, 401, 406, 408, 409, 420, 423, 467, 468, 471, 477 এবং বিধি ১৪ তে উল্লিখিত অন্যান্য আইনের অধীন ২১ মার্চ, ২০০৭ হইতে এই বিধি সম্পর্কিত প্রজ্ঞাপন গেজেটে প্রকাশিত হইবার পূর্বে,

দায়েরকৃত যে কোন মামলা, এই বিধি সম্পর্কিত প্রজ্ঞাপন গেজেটে প্রকাশিত হইবার ১০(দশ) দিনের মধ্যে ভূতাপেক্ষভাবে উপ-বিধি (১) এর অধীন অনুমোদন প্রদান করা যাইবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন অনুমোদন প্রদান না করা হইলে উক্ত উপ-বিধিতে নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হইবার পর, উক্ত উপ-বিধিতে উল্লিখিত কোন মামলার ক্ষেত্রে বিধি ১৯ঘ এর জামিন সংক্রান্ত নিষেধাজ্ঞার বিধানসহ এই বিধিমালার অন্য কোন বিধান প্রযোজ্য হইবে না।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল করিম**
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।